

প্রাথমিকে প্রধান শিক্ষকদের মর্যাদা বাড়লেও বেতন নিয়ে অসন্তুষ্টি

নিবন্ধ প্রতিবেদক ●

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পদমর্যাদা এক ধাপ বাড়িয়ে দ্বিতীয় শ্রেণী এবং সহকারী শিক্ষকদের বেতন বৃদ্ধির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ও অনুমোদন দিয়েছে। তবে শিক্ষকদের অভিযোগ, বেতন হ্রাস কম করা হয়েছে।

গত মঙ্গলবার বিকেলে জনপ্রশাসন মন্ত্রণালয় এ বিষয়ে অনুমোদন দেয়। গতকাল বুধবার তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দিয়ে জানানো হয়।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিপত্র অনুযায়ী প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদার পাশাপাশি তাদের বেতন হ্রাস হবে। প্র শিক্ষণপ্রাপ্তদের ৬,৪০০ টাকা (গ্রেড-১১)। বর্তমানে এটা ৫,৫০০ টাকা। প্র শিক্ষণবিহীনদের মূল বেতন হ্রাস করা হয়েছে ৫,৯০০ (গ্রেড-১২) টাকা। বর্তমানে এটা ৫,২০০ টাকা।

সহকারী শিক্ষকদের বেতন হ্রাস প্র শিক্ষণপ্রাপ্তদের বিদ্যায়নে ৯,৫০০ থেকে বাড়িয়ে ৫,২০০ টাকা (গ্রেড-১৪) এবং প্র শিক্ষণবিহীনদের ৪,৭০০ থেকে বৃদ্ধি করে ৪,৯০০ টাকা (গ্রেড-১৫) করা হয়েছে।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষা সমিতি ঢাকা মহানগর শাখার নেতারা গতকাল এক সভায় প্রধান শিক্ষকদের বেতন হ্রাস আট হাজার এবং সহকারী শিক্ষকদের ছয় হাজার ৪০০ টাকা করার দাবি জানান। গোড়ানে সমিতির অস্থায়ী কার্যালয়ে এই সভা হয়।